# রাজশাহী বোর্ড-২০১৪

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘন্টা ২০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক বিভাগ-গদ্য

১. ▶ মাহাথির ও সিয়াম দুই বন্ধু। মাহাথির দেশকে প্রচণ্ড ভালোবাসে। সে পরিশ্রমী। দেশের সম্পদকে সব সময় কাজে লাগানোর চেষ্টা করে। কেউ দেশের সম্পদ নষ্ট করলে প্রতিবাদ করে। সবাইকে নিজ দেশ রক্ষার জন্য উদ্বুদ্ধ করে। অপরদিকে সিয়াম অলস ও কর্মবিমুখ। দেশপ্রেম তার কম। সে প্রতিবাদে ভয় পায়। সে নীরব থাকতে পছন্দ করে। শক্তিশালী ব্যক্তি অন্যায় করলেও সে তার পক্ষ নেয়।

ক. 'বাঙালির বাংলা' প্রবন্ধটি কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. লেখকের সারা বক্ষ মন্থন করে কেন অশ্রু আসে? ২
গ. উদ্দীপকে 'বাঙালির বাংলা' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে, তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. "বাঙালির বাংলা' প্রবন্ধে যে বাঙালির কথা বলা হয়েছে, মাহাথির চরিত্রটি তার প্রতিনিধিত্ব করে"— বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২. ▶ গ্রীষ্মের ছুটিতে শারিকা মামা বাড়ি বেড়াতে যায়। সেখানে বৈশাখী মেলায় মাটির তৈরি কলস, ফুলদানি, হাড়ি, পাতিল ইত্যাদি দেখতে পায়। সে এও দেখতে পায়, গ্রামের মহিলারা জোট বেঁধে এক ধরনের কাঁথা সেলাই করছে। রাতে শোবার সময় মামি তাকে ওই ধরনের একটা কাঁথা দিলেন। পরদিন গ্রামে ঘুরতে বের হলে দেখে, তাঁতিরা কাপড় তৈরি করছে। এসব কিছু তার খুব ভালো লাগে। এগুলোই আমাদের লোকশিল্প। এগুলো টিকিয়ে রাখার দায়িত্ব আমাদের সকলের।

ক. আমাদের দেশের মেয়েদের একটি সহজাত শিল্পগুণ কী তৈরি করা? ১
খ. কীভাবে আমরা লোকশিল্প সংরক্ষণ ও সম্প্রসারণ করতে পারি? ২
গ. উদ্দীপকে শারিকা যে কাঁথাটি দেখে তাকে কী লোকশিল্প বলা যায়? উদ্দীপক ও 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শারিকার দেখা তাঁতশিল্প ও পোড়া মাটির কাজের ঐতিহ্য লোকশিল্পে কতটা গুরুত্বপূর্ণ— 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩. ▶ অষ্টম শ্রেণির বাংলা ক্লাসে শিক্ষক বলেন, সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষার উৎপত্তি ঘটেনি। কিছু সংস্কৃত শব্দ বাংলা ভাষায় ব্যবহার হলেও প্রকৃতপক্ষে এ ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়নি। তার অনেক কারণ আছে। সংস্কৃত হলো মৃতভাষা। সাধারণ মানুষ কথা বলত বিভিন্ন রকম প্রাকৃত ভাষায়। প্রাকৃতের পরবর্তী রূপ অপভ্রংশ। এই অপভ্রংশ থেকে বিভিন্ন ভাষার মতই বাংলা ভাষার জন্ম হয়েছে। ভাষা পণ্ডিতগণও তাই প্রমাণ করেছেন।

ক. পৃথিবীর আদি ভাষাগোষ্ঠীর নাম কী? ১
খ. কীভাবে একটি নতুন ভাষার জন্ম হয়? ২
গ. সংস্কৃতকে মৃতভাষা বলার কারণ 'বাংলা ভাষার জন্মকথা' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ভাষা পণ্ডিতগণ কীভাবে বাংলা ভাষার জন্ম ইতিহাস প্রমাণ করেছেন? উদ্দীপক ও 'বাংলা ভাষার জন্মকথা' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ বিভাগ-কবিতা

৪. ▶ তাসনিম ঢাকায় থাকে। সে অষ্টম শ্রেণিতে পড়ে। শীতকালে সে মা-বাবার সাথে গ্রামের বাড়িতে বেড়াতে আসে। সকালে সে ঘুম থেকে উঠে গ্রাম ঘুরতে বের হয়। মাঠে গিয়ে দেখে ফসলের সমারোহ। শিশির আর প্রজাপতি এক অপূর্ব খেলায় মেতে উঠেছে। পাশেই বনে বিভিন্ন পাখির কিচির মিচির শব্দ। গাছের পাতার ফাঁক দিয়ে রোদের আলো মাটিতে পড়ছে। বিভিন্ন ফুল আর ফলের সুবাসে তার মন ভরে যায়। দূরে নদীতে মাঝির উদাস গান তার মন জুড়িয়ে দেয়। নিজ দেশের এত সুন্দর রূপ তার চোখে আগে কখনও দেখেনি।

ক. প্রজাপতির ঝাঁক কী করে? ১
খ. রোদের গুঁড়া কীভাবে নাচে? ২
গ. উদ্দীপকে তাসনিমের দেখা গ্রামের সঙ্গে 'দেশ' কবিতার কতটুকু মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'তাসনিমের কাছে নিজের দেশটি যেন অপরূপ হয়ে ধরা দিল'— উক্তিটি উদ্দীপক ও 'দেশ' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. ▶ গরিব চাষি আফজালের সামান্য জমিজমা আছে। এতেই তার সংসার ভালোমত চলে। একমাত্র ছেলে করিমকে লেখাপড়া শেখানোর জন্য স্কুলে পাঠায়। কিন্তু বিত্তবান হাতেম আলী বিষয়টা ভালোভাবে নেয় না। ষড়যন্ত্র করে হাতেম আলীকে ভিটেমাটি ছাড়া করে। অসহায় আফজাল নিরুপায় হয়ে দূর গ্রামে চলে যায়। কিন্তু ভুলতে পারে না গ্রামকে, তাই আবার ফিরে আসে। প্রভাবশালী হাতেম আলী আবারও লোকজন দিয়ে তাকে গ্রাম ছাড়া করে।

ক. দরিদ্র মাতা আঁচল ভরে কী ধরে রাখত? ১
খ. উপেন কেন তার জমি বিক্রি করতে চায়নি? ২
গ. উদ্দীপকের আফজালের সাথে 'দুই বিঘা জমির' উপেনের কোনো সাদৃশ্য আছে কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজের প্রভাবশালী ব্যক্তিরা প্রায়ই কূটকৌশলী হয়'— উদ্দীপক ও 'দুই বিঘা জমি' কবিতার আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶ চাকুরি সূত্রে রোমান কানাডায় চলে যায়। এতে করে বৃদ্ধ বাবা-মা গ্রামে একা হয়ে পড়েন। বাবা-মাকে নিয়ে যাবার ইচ্ছা থাকলেও কাজের চাপে তা সম্ভব হয়ে উঠেনি। এভাবে কেটে যায় বেশ ক'টি বছর। হঠাৎ বাবা-মাকে একদিন স্বপ্নে দেখে আবেগে আপ্লুত হয়ে দেশে ফিরে আসেন। কিন্তু এসে দেখেন তারা আর বেঁচে নেই। তিনি নিজেকে আর ক্ষমা করতে পারলেন না। বাবা-মার স্মৃতি স্মরণ করে রাখতে এলাকায় বিদ্যালয়, এতিমখানা, মাদ্রাসা প্রতিষ্ঠা করলেন। এভাবে সৃষ্টিশীল কর্মের মাধ্যমে রোমান এলাকাবাসীর মনে জায়গা করে নিলেন।

ক. 'শমন' শব্দের অর্থ কী? ১
খ. কবির মনে খেদ থাকবে না কেন? ২
গ. 'কবি এবং উদ্দীপকের রোমান যেন একই বৃন্তের দুটি মানুষ'— উক্তিটি উদ্দীপক ও 'বঙ্গভূমির প্রতি' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মানুষের মনে বেঁচে থাকার জন্য তারা দুজনে ভিন্ন ভিন্ন পথ অবলম্বন করেছেন।'— উক্তিটি উদ্দীপক ও কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

### গ বিভাগ-আনন্দ পাঠ

৭. ▶ কৃষক রহমত মিয়া এক রাতে ধনীর বাড়িতে থাকার সুযোগ পেয়েছিলেন। ধনী ব্যক্তি তাকে সুস্বাদু খাবার দিলেন। শোবার ঘরে দামি বিছানায় শুতে দিলেন। শীতে আরামদায়ক কম্বলের নিচে শুয়ে তার ঘুম আসছিল না। সারারাত অনিদ্রায় কেটে যায়। কারণ এমন আরামের বিছানায় তার ঘুমানোর অভ্যাস ছিল না। পরের দিন সে তার নিজ কুঁড়ে ঘরে ফিরে আসে। নিজ ঘরই কৃষক রহমত মিয়ার শান্তির আশ্রয়।

ক. সৈনিকের নাম কী? ১
খ. রাজ্যময় খুশির ঢেউ বইল কেন? ২
গ. উদ্দীপকের মূলভাব 'রাজকুমার ও ভিখারির ছেলে'— গল্পের সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নিজ ঘরটিই রহমত মিয়ার শান্তির আশ্রয়'— উক্তিটি রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮. ▶ রাজা জিম প্রচণ্ড লোভী। তার ইচ্ছে চারপাশের সবকিছুই স্বর্ণময় হয়ে উঠুক। এক সময় তিনি দেবতার বর পেলেন। তিনি হাত দিয়ে যা ছোঁবেন তাই সোনা হবে। তাই হতে লাগল। রাজা জিম প্রচণ্ড খুশি। খাবার খাওয়ার সময় তার হাতের স্পর্শে তাও সোনা হলো। নিজের মেয়েকে কোলে নিতেই সোনা হলো। রাজা তার অতি লোভের পরিণাম বুঝতে পেরে দেবতার কাছে মুক্তি প্রার্থনা করল। দেবতার কৃপায় জিম তার পূর্বের অবস্থায় ফিরে গেল।

ক. বাসকিরদের দেশে দিনপ্রতি জমির দাম কত? ১
খ. পাখোমের মৃত্যুর কারণ কী? ২
গ. রাজা জিমের সাথে 'সাড়ে তিন হাত জমির' গল্পের পাখোমের চরিত্রের তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ. 'রাজা জিম ও পাখোমের পরিণতি এক নয়'— উক্তিটি উদ্দীপক ও গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯. ▶ আক্কেল আলী ছোটবেলা থেকেই একটু স্বতন্ত্র চরিত্রের। কোনো কাজেই তার গভীর মনযোগ নেই। সংসার জীবনেও একই অবস্থা। এজন্য পরিবারের সবার কাছেই সে কিছুটা অবহেলিত। অবশ্য এতে তার কোনো ক্ষোভ নেই। কিন্তু শিশু, কিশোর বয়সীরা তাকে খুব পছন্দ করে। কারণ সে পরোপকারী। তবে তার এ গুণটির জন্য তাকে কখনও কখনও কঠিন পরিস্থিতি মোকাবেলা করতে হয়।

ক. ভ্যান বুশেল-এর পেশা কী ছিল? ১
খ. রিপের হৃদয় দমে গিয়েছিল কেন? ২
গ. অনুচ্ছেদের আক্কেল আলীর সাথে রিপভ্যান উইংকলের সাদৃশ্য কোথায়? আলোচনা কর। ৩
ঘ. 'অনুচ্ছেদের আক্কেল আলী পুরোপুরি রিপভ্যান উইংকল নয়'— উদ্দীপক ও গল্পের আলোকে এর সত্যতা নিরূপণ কর। ৪

http://teachingbd.com

